

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৭১]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৩৫: 'আসরের পর সালাত আদায় করা নিষিদ্ধ

النهي عن الصلاة بعد العصر

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ الْمُخَرِّمِيُّ، قال: حَدَّثَنَا الْفَضْلُ بْنُ عَنْبَسَةَ، قال: حَدَّثَنَا وُهَيْبٌ، عَنْ ابْنِ طَاوُسٍ، عَنْ أَبِيهِ، قال: قالت عَائِشَةُ رَضِيَ اللَّهُ عَنْهَا: أَوْهَمَ عُمَنُ رَضِيَ اللَّهُ عَنْهُ، إِنَّمَا نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: لَا تَتَحَرَّوْا بِصَلَاتِكُمْ طُلُوعَ الشَّمْسِ وَلَا غُرُوبَهَا، فَإِنَّهَا تَطْلُعُ بَيْنَ قَرْنَيْ شَيْطَانٍ.

تخريج دارالدعوه: صحيح مسلم/المسافرين ۵۳ (۸۳۳)، (تحفة الأشراف: ١٦١٥٨)، مسند احمد ٦/ ١٦٢، ٢٥٥ (كلاهما بدون قولم "فإنها..." (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 571 _ صحيح دون قوله فإنها ...

বাংলা

৫৭০. মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনুল মুবারক আল মুখররিমী (রহ.) ত্বাউস (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ (রাঃ) বলেছেন, "উমার (রাঃ)-এর ভুল হয়ে গেছে ['উমার (রাঃ) হাদীসের কিছু অংশ ভুলবশত ছেড়ে দিয়েছেন এবং তিনি 'আসরের দুই রাকআত সালাত আদায় করতে নিষেধ করেছেন।] অথচ রাসূলুল্লাহ (সা.) বারণ করে বলেছেন, তোমরা সূর্যোদয় এবং সূর্যান্তের সময়কে সালাত আদায় করার জন্যে চয়ন করবে না। কেননা সূর্য শয়তানের দুই শিংয়ের মাঝখান দিয়ে উঠে।

৫৭০/ক. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনুল মুবারক (রহ.) ত্বাউস (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ (রাঃ) বলেছেন, 'উমার (রাঃ) ভুলে নিপতিত হয়েছেন। রাসূলুল্লাহ (সা.) সূর্যোদয় ও সূর্যান্তের সময়কে সালাত



আদায় করার জন্যে বেছে নিতে বারণ করেছেন।

English

35. The Prohibition Of Praying After 'Asr

It was narrated from Ibn Tawus that his father said: 'Aishah, may Allah be please with her, said: 'Umar, may Allah be please with him, is not correct, rather the Messenger of Allah () only prohibited, as he said: 'Do no deliberately seek to pray when the sun is rising or when it is setting, for it rises between the horns of a Shaitan.

ফুটনোট

সহীহ: মুসলিম ৮৩৩, ইওয়াউল গালীল ৪৭৯। ৫৭০/ক সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন